



রাজধানীতে ৩০০ ভবন ভূমিকম্প ঝুঁকিতে: রাজউক



সংগৃহীত ছবি

রাজধানীতে প্রাথমিক জরিপে প্রায় ৩০০টি ভবনকে ভূমিকম্পের জন্য ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে রাজউক। আইইবিতে ভূমিকম্প-পরবর্তী কার্যক্রম নিয়ে আয়োজিত এক সভায় রাজউক চেয়ারম্যান প্রকৌশলী রিয়াজুল ইসলাম এই তথ্য জানান। প্রধান নগর পরিকল্পনাবিদ এম. আশরাফুল ইসলাম বলেন, রাজধানীর বিভিন্ন এলাকায় পরিচালিত সমীক্ষায় ফাটল, কাঠামোগত দুর্বলতা এবং হেলে পড়ার কারণে এসব ভবন চিহ্নিত হয়েছে। সাম্প্রতিক ৫.৭ মাত্রার ভূমিকম্পের পর রাজউকের আটটি দল মাঠে জরিপে নামে।

সভায় আবাসন ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান ও পরিবেশ উপদেষ্টা রিজওয়ানা হাসান ঝুঁকি কমাতে সচেতনতা, সমন্বিত পদক্ষেপ এবং বিস্তারিত মূল্যায়নের ওপর জোর দেন। বুয়েটের অধ্যাপক মেহেদী আহমেদ আনসারী ও তানভীর মঞ্জুর ভূমিকম্প প্রস্তুতি এবং পরবর্তী ব্যবস্থাপনা নিয়ে প্রবন্ধ উপস্থাপন করেন। গৃহায়ন সচিব এম. নজরুল ইসলাম নির্মাণ তদারকি জোরদার ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থানের নির্দেশ দেন।

রাজউক চেয়ারম্যান জানান, ভূমিকম্প-পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় সকল পক্ষের সমন্বিত সহযোগিতা প্রয়োজন। সভায় সরকারি সংস্থা, জরুরি সেবা প্রতিষ্ঠান, গবেষক, রিহাব, বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সিটি করপোরেশনের প্রতিনিধি উপস্থিত ছিলেন।